

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের, মহিলা বিষয়ক অধিদপ্তরের মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায়  
ভাতাভোগী নির্বাচনের আবশ্যিক শর্তসমূহ নিচে উল্লেখ করা হলোঃ**

- ১। আবেদনকারীকে অবশ্যই দুস্থ ও সহায়হীন পরিবারের গর্ভবতী নারী হতে হবে।
- ২। আবেদনকারীকে অবশ্যই ন্যূনতম ৭ মাস হইতে সর্বোচ্চ ৯ মাসের গর্ভবতী হতে হবে। উল্লেখ্য যে, ৭ মাসের কম গর্ভবতীগণ এবং ইতোমধ্যেই বাচ্চা প্রসব করেছেন এরকম মহিলাগণ তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার যোগ্য হবেন না।
- ৩। আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক।
- ৪। আবেদনকারীর গর্ভাবস্থার তথ্য অবশ্যই ইউনিয়ন পরিবার পরিকল্পনা কর্মীর তালিকায় তালিকাভুক্ত থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে আবেদনের সাথে অবশ্যই তার ANC কার্ড এর ফটোকপি এবং আল্ট্রাসোনোগ্রাফি রিপোর্টের সাম্প্রতিক কপি দাখিল করতে হবে।
- ৬। আবেদনকারীর নিজস্ব নামে এবং নিজস্ব জাতীয় পরিচয়পত্র দ্বারা খোলা নিজস্ব সঞ্চয়ী ব্যাংক হিসাব থাকতে হবে। বিকাশ, রকেট, নগদ ইত্যাদি মোবাইল ব্যাংকিং একাউন্ট থাকলে অবশ্যই নিশ্চিত করতে হবে যে, সেই সিমটি দ্বারা একাউন্টটি ওপেন করা সেটি যেন আবেদনকারীর নিজস্ব জাতীয় পরিচয় পত্র দ্বারা তোলা সিম হয়ে থাকে এবং একাউন্টটিও যেন সেই একই পরিচয়পত্র দ্বারা খোলা হয়ে থাকে। তবে পরবর্তীতে যেকোন জটিলতা এড়ানোর জন্য, মোবাইল ব্যাংকিং একাউন্টের পরিবর্তে নিকটস্থ এজেন্ট ব্যাংক অথবা যেকোন প্রাতিষ্ঠানিক ব্যাংক হইতে হিসাব খোলার জন্য বিশেষভাবে পরামর্শ দেওয়া গেল।
- ৭। আবেদনপত্রের সাথে আবেদনকারীর স্বাক্ষর এবং স্পষ্ট ছবি অবশ্যই যুক্ত করে দিতে হবে।
- ৮। আবেদনকারীর বয়স অবশ্যই ২০ থেকে ৩৫ এর মাঝে হতে হবে।
- ৯। ১ টি সন্তান রয়েছে বা প্রথম সন্তান; শুধু এই ধরনের মহিলারাই আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

(শারিদ বিন শফিক)  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
শ্যামনগর, সাতক্ষীরা।